

প্রাথমিক সমাপনী

অংশ নিচ্ছে ৩১ লাখ শিক্ষার্থী

শুরু ১৮ নভেম্বর

সংবাদ : নিজস্ব বার্তা পরিবেশক

| ঢাকা, শুক্রবার, ১৬ নভেম্বর ২০১৮

পঞ্চম শ্রেণীর প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষায় এ বছর ৩০ লাখ ৯৫ হাজার ১২৩ জন শিক্ষার্থী অংশ নিচ্ছে। এবার পরীক্ষায় বহুনির্বাচনী প্রশ্ন (এমসিকিউ) বাদ দেয়া হয়েছে। আগামী ১৮ নভেম্বর এই সমাপনী পরীক্ষা শুরু হচ্ছে; তা চলবে ২৬ নভেম্বর পর্যন্ত।

প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান পরীক্ষার প্রস্তুতি উপলক্ষে গতকাল সচিবালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এতথ্য জানান। এ সময় মন্ত্রণালয় এবং প্রাথমিক শিক্ষা অধিদফতরের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

মন্ত্রী জানান, পরীক্ষা চলাকালীন সময়ে সব ধরনের কোর্চিং সেন্টার বন্ধ থাকবে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে নির্দেশনা দেয়া হয়েছে।

প্রতিদিন সকাল সাড়ে ১০টা থেকে বেলা ১টা পর্যন্ত পরীক্ষা অনুষ্ঠিত হবে। বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীরা অতিরিক্ত ৩০ মিনিট বেশি সময় পাবে। এ বছর ৭ হাজার ৪১০টি কেন্দ্রে এ সমাপনী পরীক্ষা অনুষ্ঠিত হবে। এর মধ্যে দেশের

অভ্যন্তরে সাত হাজার ৩৯৮টি এবং দেশের বাইরে ১২টি কেন্দ্র। দুর্গম এলাকার ২০৪টি কেন্দ্রে বিশেষ ব্যবস্থায় প্রশ্নপত্র পাঠানো হয়েছে। দায়িত্ব পালনে ন্যূনতম অবহেলা বা অনিয়মের বিষয়ে জিরো টলারেন্স নীতি গ্রহণ করা হয়েছে বলে জানান গণশিক্ষামন্ত্রী।

প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় এবার ২৭ লাখ ৭৭ হাজার ২৭০ জন ছাত্রছাত্রী অংশ নেবে জানিয়ে গণশিক্ষামন্ত্রী বলেন, এর মধ্যে ছাত্র ১২ লাখ ৭৮ হাজার ৭৪২ জন ও ছাত্রী সংখ্যা ১৪ লাখ ৯৮ হাজার ৫২৮ জন। গত বছরের তুলনায় শিক্ষার্থীর সংখ্যা ২৮ হাজার ৮২৬ জন কম।

আর মাদ্রাসার ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষায় এবার তিন লাখ ১৭ হাজার ৮৫৩ জন পরীক্ষার্থী অংশ নেবে। এর মধ্যে ছাত্র সংখ্যা এক লাখ ৬৬ হাজার ৮১৪ এবং ছাত্রী এবং লাখ ৫১ হাজার ৩৯ জন। এ পরীক্ষায় গত বছরের তুলনায় ২৩ হাজার ৪৭২ জন ছাত্রছাত্রী বেশি।

প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষায় ছাত্রের চেয়ে ছাত্রীর সংখ্যা ২ লাখ ১৯ হাজার ৭৮৬ জন বেশি উল্লেখ করে মোস্তাফিজুর রহমান বলেন, 'এটি আশাব্যঞ্জক যে, মেয়েরা প্রতিটি ক্ষেত্রে ক্রমশ এগিয়ে যাচ্ছে।'

গণশিক্ষামন্ত্রী জানান, প্রাথমিক সমাপনীতে ৩ হাজার ৬৩ জন এবং ইবতেদায়ী শিক্ষা সমাপনীতে ২৩১ জনসহ মোট ৩ হাজার ২৯৪ জন বিশেষ চাহিদা সম্পন্ন পরীক্ষার্থী অংশ নিবে। প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা দেশের সর্ববৃহৎ পরীক্ষা। পরীক্ষার দায়িত্ব পালনে ন্যূনতম

অবহেলা বা আনয়নের বিষয়ে জরুরী টলারেন্স নীতি গ্রহণ করা হয়েছে।

প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার সূচি : ১৮ নভেম্বর ইংরেজি; ১৯ নভেম্বর বাংলা; ২০ নভেম্বর বাংলাদেশ ও বিশ্ব পরিচয়; ২২ নভেম্বর প্রাথমিক বিজ্ঞান; ২৫ নভেম্বর গণিত এবং ২৬ নভেম্বর ধর্ম ও নৈতিক শিক্ষা পরীক্ষা অনুষ্ঠিত হবে।

ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষার সূচি : ১৮ নভেম্বর ইংরেজি; ১৯ নভেম্বর বাংলা; ২০ নভেম্বর বাংলাদেশ ও বিশ্ব পরিচয় এবং বিজ্ঞান; ২২ নভেম্বর আরবি; ২৫ নভেম্বর গণিত এবং ২৬ নভেম্বর কোরান মাজিদ ও তাজবিদ এবং আকাইদ ও ফিকাহ। ছয় বিষয়ে ১০০ নম্বর করে মোট ৬০০ নম্বরের পরীক্ষা অনুষ্ঠিত হবে।